


উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পত্র নং: ২৪২
তারিখ: ০৫/২/২০
নথি নং:

অতি জরুরি


আজহার উননেছা শিউলী
উপজেলা নির্বাহী অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম।
(আইসিটি শাখা)
www.chittagong.gov.bd

স্মারক নং- ০০.৫০৮.০১৬.০০.০৩.০০২.২০১৮.২৪২

তারিখ: ০৪ ফেব্রুয়ারি, ২০১৮খ্রি.

বিষয়: জরুরিভিত্তিতে ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার উপজেলা ও ইউনিয়ন সমূহের পোর্টাল পরীক্ষান্তে দেখা যায় যে, দীর্ঘদিন যাবত তথ্যাবলি পোর্টালে হালনাগাদ করা হয়নি। দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, নোটিশ, সিটিজেন চার্টার, যোগাযোগের পূর্ণ ঠিকানা সহ দপ্তরের সেবা কার্যক্রম হালনাগাদ নেই। এতে সাধারণ জনগণ সংশ্লিষ্ট দপ্তরের তথ্যসেবা প্রাপ্তি হতে বঞ্চিত হচ্ছে। সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের অন্যতম পদক্ষেপ হিসেবে তথ্য প্রবাহ নিশ্চিত করার জন্য বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়নে ন্যাশনাল পোর্টাল চালু করা হয়। একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে অনতিবিলম্বে পোর্টালের সকল লিংক ও পাতা তথ্যসমৃদ্ধ ও হালনাগাদ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এ প্রেক্ষিতে, আপনার দপ্তরের প্রয়োজনীয় তথ্যাদি আগামী ০৭ ফেব্রুয়ারি, ২০১৮ খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে উপজেলা ও ইউনিয়ন পোর্টালের তথ্য যথাযথভাবে আপলোডকরণ এবং ইতোপূর্বে আপলোডকৃত তথ্যাদি হালনাগাদ করে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।



মো: হাবিবুর রহমান

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
চট্টগ্রাম

উপজেলা নির্বাহী অফিসার (সকল)
....., চট্টগ্রাম।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হাটহাজারী, চট্টগ্রাম।

তথ্য বাতায়ন : hathazari.chittagong.gov.bd

স্মারক নং : ০০.৫০৮.০১৬.০০.০৩.০০২.২০১৮.২৪২

তারিখ : ০৬/০২/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও স্মারক পত্রের মর্মানুযায়ী উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টালে আপনার দপ্তরের বর্ণিত প্রয়োজনীয় তথ্যাদি যথাযথভাবে আপলোডকরণ এবং ইতোপূর্বে আপলোডকৃত তথ্যাদি হালনাগাদ করতঃ অগ্রগতি প্রতিবেদন অবিলম্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



(আক্তার উননেছা শিউলী)
উপজেলা নির্বাহী অফিসার
হাটহাজারী, চট্টগ্রাম।

ফোন : ০৩১-২৬০১১০১

ফ্যাক্স : ০৩১-২৬০১২০৪

ই-মেইল : unohathazari@mopa.gov.bd

১। উপজেলা _____ কর্মকর্তা (সকল), হাটহাজারী, চট্টগ্রাম।

২। চেয়ারম্যান, _____ ইউনিয়ন পরিষদ (সকল), হাটহাজারী, চট্টগ্রাম।